# আলমডাঙ্গা পৌরসভা

আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা

**আলমডাঙ্গা পৌরসভার ৫ম মাসিক সভার কার্য বিবরণী**

সভাপতি ঃ শেখ মেহেদী ইসলাম, প্রশাসক, আলমডাঙ্গা পৌরসভা।
স্থান ঃ প্রশাসক মহোদয়ের অফিস কক্ষ।
তারিখ ঃ ৩০-০১-২০২৫ খ্রিঃ
সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকা
সভা নম্বর ঃ ০৫(পাঁচ)

অদ্যকার সভার সভাপতি জনাব শেখ মেহেদী ইসলাম, প্রশাসক, আলমডাঙ্গা পৌরসভা, উপস্থিত সমন্বয়ক সকল সদস্য'কে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা ঃ পরিশিষ্ট 'ক' আলাদা ভাবে সংরক্ষিত

আলোচ্য সূচী ঃ

০১। গত মাসের কার্যবিবরনী পাঠ ও দৃঢ়করন।
০২। পৌরসভার আয়-ব্যয়ের উপর আলোচনা।
০৩। পৌর হাট বাজার ও স্থাপনা ইজারা প্রদান সংক্রান্ত আলোচনা।
০৪। আইইউজিআইপি প্রকল্প সংক্রান্ত আলোচনা।
০৫। পৌরসভার অবসর প্রাপ্ত ও মৃত্য ব্যক্তিদের আনুতোষিকের অর্থ প্রদান প্রসঙ্গে।
০৬। বিবিধ।
(ক) ডেঙ্গু মশক নিধনের কার্য পরিচালনার বিল প্রদান।
(খ) বিভিন্ন ড্রেন পরিস্কারের বিল প্রদান।
(গ) অন্যান্য আনুসাঙ্গিক বিভিন্ন বিল প্রদান।
(ঘ) হল রুমের চেয়ার ক্রয় সহ অন্যান্য কাজের বিল প্রদান।
(ঙ) ছাপা ও মূদ্রনের বিল প্রদান।

| অনুচ্ছেদ ও আলোচ্য সূচী | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১। গত মাসের কার্যবিবরনী পাঠ ও দৃঢ়করন ও সিদ্ধান্ত অনুমোদন প্রসঙ্গে। | সভার শুরুতে সভাপতি ও প্রাশাসক, আলমডাঙ্গা পৌরসভা উপস্থিত সকল সম্মানীত সদস্যদের স্বাগত জানিয়ে সভার সদস্য সচিব পৌর নির্বাহী কর্মকর্তা'কে গত মাসের মাসিক সভার কার্য বিবরনী পাঠ করার জন্য নির্দেশ দেন। পৌর নির্বাহী কর্মকর্তা, গত মাসের মাসিক সভার কার্যবিবরনী পাঠ করেন এবং পাঠান্তে সভার সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের লক্ষ্যে সভাপতি উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। | প্রশাসক/ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ অফিসার ইনচার্জ, আলমডাঙ্গা থানা/ উপজেলা প্রকৌশলী/ উপজেলা সমাজ সেবা কর্মকর্তা/ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা। |
| ০২। পৌরসভার আয়-ব্যয় সম্পর্কে আলোচনা। | পৌরসভার আয়-ব্যয় সম্পর্কে আলোচনায় বিস্তারিত আলোচনান্তে সভায় উপস্থিত হিসাব রক্ষণ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, জানুয়ারি-২০২৫ মাসে পৌরসভার রাজস্ব আয় ৮,৯১,৮৫৫/৫৯ টাকা ব্যয় ৬২,০৭,৪৫১/- টাকা।<br>সভায় সভাপতি ব্যয় সংকচন নীতি অবলম্বন করে ব্যয় নির্বাহ করার পরামর্শ প্রদান করেন এবং আয়-ব্যয় সংক্রান্ত সকল হিসাব যথাযথ ভাবে রেজিষ্টারে হালনাগাদ করে সংরক্ষণ করা সহ হিসাব সংরক্ষনের জন্য অনলাইন সফটওয়ার ব্যবহার নিশ্চিত করার পরামর্শ প্রদান করে। | হিসাব রক্ষণ কর্মকর্তা, আলমডাঙ্গা পৌরসভা। |
| ০৩। পৌর পশুহাট এর ইজারা মূল্য নির্ধারন সহ সকল হাট বাজার ও স্থাপনা-১৪৩২ সনের ইজারা প্রদান সংক্রান্ত আলোচনা এবং হাট বাজারের বকেয়া টাকা আদায় বিষয়ক আলোচনা। | আলমডাঙ্গা পৌর পশুহাট ইজারা বন্দোবস্ত সংক্রান্ত বিষয়ে আলোচনান্তে সভায় অবহিত করা হলো যে, ১৪২৪ বাংলা সন হতে ১৪৩১ সন পর্যন্ত মহামান্য হাইকোর্টে বিভিন্ন মামলার কারণে মহামান্য হাইকোর্টের নির্দেশনায় পৌর পশুহাট জনৈক ব্যক্তিকে নির্ধারিত মূল্যে ইজারা বন্দোবস্ত প্রদান করা হয়েছিলো, সেক্ষেত্রে পৌর পশুহাট যথাযথ মূল্যে ইজারা বন্দোবস্ত প্রদান করা সম্ভব হয় নাই। যার ফলে পৌরসভা এবং সরকার বিপুল পরিমাণ রাজস্ব হতে বঞ্চিত হয়েছে। এক্ষনে আলমডাঙ্গা পৌর পশুহাট ইজারা বন্দোবস্ত সংক্রান্ত বিষয়ে মহামান্য হাইকোর্টে Civil Petition Leave To Appeal No 989 of ২০২১এর মামলা নিস্পত্তি হয়েছে।<br>দীর্ঘদিন ধরে আলমডাঙ্গা পৌর পশুহাটটি মহামান্য হাইকোর্টে মামলাধীন থাকায় ইজারা প্রদান কার্যক্রম স্থগিত ছিলো বিধায় ইজারা প্রদান করা সম্ভব হয়নি। ফলে হাটের কাঙ্খিত | |

| | | |
|---|---|---|
| | ইজারা মূল্য পাওয়া না যাওয়ায় পৌরসভা ও সরকার আর্থিক ভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে মর্মে আলমডাঙ্গা পৌর পশুহাট ইজারা মূল্য (সরকারী মূল্য) নির্ধারন করার লক্ষ্যে সহকারী কমিশনার( ভূমি), আলমডাঙ্গা'কে আহ্বায়ক করে , উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি ১ ও ৪ নং ওয়ার্ড, আলমডাঙ্গা পৌরসভা, উপজেলা প্রকৌশলী, আলমডাঙ্গা, দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি ২ও ৩ নং ওয়ার্ড, আলমডাঙ্গা পৌরসভা, অফিসার ইনচার্জ, আলমডাঙ্গা থানা, আইনশৃঙ্খলা (সার্বিক) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপজেলা সমাজ সেবা, কর্মকর্তা, আলমডাঙ্গা, দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি ০৫নং ওয়ার্ড, আলমডাঙ্গা পৌরসভা, যুব উন্নয়ন কর্মকর্তা, আলমডাঙ্গা, দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি ৬ ও ৭নং ওয়ার্ড, আলমডাঙ্গা পৌরসভা, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, আলমডাঙ্গা, দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি ৮ ও ৯ নং ওয়ার্ড, আলমডাঙ্গা পৌরসভা, জনাব মোঃ রাকীবুল ইসলাম, পৌর নির্বাহী কর্মকর্তা, আলমডাঙ্গা পৌরসভা ও জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন খান, নির্বাহী প্রকৌশলী, আলমডাঙ্গা পৌরসভা'কে সদস্য সচিব করে একটি কমিটি গঠন করার সর্বস্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হওয়ায়, ২৮-০১-২০২৫ তারিখে আলমডাঙ্গা পৌর হাট বাজার ও স্থাপনা ইজারা-১৪৩২ বাংলা সনের ইজারা বিজ্ঞপ্তি নং-০১/২০২৫ পৌর পশুহাট সহ সকল হাট বাজার ও স্থাপনার ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এছাড়া যে সকল হাটের বিগত বছরের ইজারা মূল্য বকেয়া রয়েছে তাহা আদায়ের জন্য নোটিশ করা সহ সংশ্লিষ্ট ইজারাদারের বিরুদ্ধে সার্টিফিকেট মামলা করার ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ০৪। আইইউজিআইপি প্রকল্প সংক্রান্ত আলোচনা। | সভায় আলোচনা হলো যে, আলমডাঙ্গা পৌরসভায় বর্তমানে IUGIP প্রকল্পের বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম চলমান রয়েছে। খুব শিঘ্রই আলমডাঙ্গা পৌরসভায় ০৭টি অনুন্নত এলাকা উন্নয়ন প্রকল্প LINIC এর কার্যক্রম শুরু হবে মর্মে অবহতি হওয়া গেছে। এক্ষত্রে প্রকল্পের শর্তানুযায়ী হোল্ডিং ও ট্রেড লাইসেন্স আদায় বৃদ্ধি করতঃ প্রশাসনিক কার্যক্রমে গতিশীলতা আনয়ন প্রয়োজন। এক্ষেত্রে প্রশাসক মহোদয়, পৌরসভা পরিচালনা সহায়ক সদস্যবৃন্দ, প্রকল্পের কর্মকর্তা ও পৌর নির্বাহী কর্মকর্তা'কে, আলমডাঙ্গা পৌরসভা'কে তদারকি সহ প্রয়োজনী কার্যাদি সম্পূর্ণ করার বিষয়ে নির্দেশনা প্রদান করলেন। | পৌর নির্বাহী কর্মকর্তা, আলমডাঙ্গা পৌরসভা। |
| ০৫। পৌরসভার অবসর প্রাপ্ত ও মৃত্য ব্যক্তিদের আনুতোষিকের অর্থ প্রদান প্রসঙ্গে। | পৌরসভার অবসর প্রাপ্ত ও মৃত্য ব্যক্তিদের আনুতোষিকের অর্থ প্রদান প্রসঙ্গে আলোচনায় সভাপতি মহোদয় সভাকে অবহিত করেন যে, পৌরসভার রাজস্ব তহবিলের সন্তোষজনক সাপেক্ষে পৌরসভার যে সকল কর্মকর্তা- অবসরে গেছেন এবং মৃত্য বরণ করেছেন তাদের পাওনাদি পর্যায়ক্রমে পরিশোধ করার বিষয়ে যে সকল কর্মকর্তা- অবসরে গেছেন এবং মৃত্য বরণ করেছেন তাদের কার কত টাকা পাওনা রয়েছে তার যথাযথ হিসাব করার জন্য হিসাব শাখার কর্মকর্তা'কে নির্দেশনা প্রদান করেন। | পৌর নির্বাহী কর্মকর্তা, আলমডাঙ্গা পৌরসভা। |
| ০৬। বিবিধ।<br>(ক) ডেঙ্গু মশক নিধনের কার্য পরিচালনার বিল প্রদান।<br>(খ) বিভিন্ন ড্রেন পরিস্কারের বিল প্রদান।<br>(গ) অন্যান্য আনুসাঙ্গিক বিভিন্ন বিল প্রদান।<br>(ঘ) হল রুমের চেয়ার ক্রয় সহ অন্যান্য কাজের বিল প্রদান।<br>(ঙ) ছাপা ও মুদ্রনের বিল প্রদান। | (ক) ডেঙ্গু মশক নিধন সম্পর্কে আলোচনা হলো। ডেঙ্গু মশক নিধন কার্যক্রম পরিচালিত হচ্ছে। উক্ত কার্যক্রম মার্চ-২০২৫ মাস অর্থাৎ ০৩মাস পর্যন্ত বর্ধিত করা হয়েছিলো। তৎপ্রেক্ষিতে ডেঙ্গু মশক কার্যক্রম পরিচালনার সকল প্রকার লজিস্টিক মালামাল এর বিল প্রদানের সর্বস্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>(খ) জরুরী ভিত্তিতে শহরের বিভিন্ন ড্রেন সহ পোষ্ট অফিসের সামনে জরুরী ভিত্তিতে ড্রেনের স্লাব কেটে ড্রেনের ময়লা আবর্জনা পরিস্কার করা হয়েছে। যার লেবা বিল প্রদানের সর্বস্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>(গ) পৌরসভার বিভিন্ন সময়ে আপ্যায়ন, বিভিন্ন সীল তৈরী ও অন্যান্য আনুসাঙ্গিক ক্রয়ের বিভিন্ন বিল প্রদানের সর্বস্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>(ঘ) হল রুমের চেয়ার ক্রয়, টেবিল ক্লথ ক্রয় ও হল রুম পরিস্কার পরিচ্ছন্ন করার বিষয়ে আলোচনা হলো। আলোচনান্তে হলরুমে টিএলসিসি সহ অন্যান্য সভা সেমিনারে আগত অতিথিদের বসার কোন চেয়ার না থাকায় চেয়ার ক্রয় এবং টেবিলের উপর পরিচ্ছন্ন টেবিল ক্লত ক্রয় করে হলরুমে পরিস্কার পরিচ্ছন্ন করার নির্দেশনা প্রদান করা হয়। নির্দেশনা অনুযায়ী কার্যাদি সম্পূর্ণ হয়েছে এবং তার বিল প্রদানের সর্বস্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | নির্বাহী প্রকৌশলী/ পৌর নির্বাহী কর্মকর্তা, আলমডাঙ্গা পৌরসভা। |

| | | |
|---|---|---|
| | (ঙ) আলমডাঙ্গা পৌরসভার বিভিন্ন রেজিষ্টার, খাম, বিল ফরমেট, বিবিধ রশীদ সহ অন্যান্য ছাপা ও মুদ্রনের কাজ সম্পূর্ণ হয়েছে। যার বিল প্রদানের সর্বস্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সবার সুস্বাস্থ্য কামনা করে সভার কাজ সমাপ্ত ঘোষনা করেন।

স্বা:-
(শেখ মেহেদী ইসলাম)
প্রশাসক
আলমডাঙ্গা পৌরসভা

স্মারক নং: আঃপৌঃ/প্রশা/ কার্য বিবরনী/২০২৫/০৭/১(১৫) তারিখ : ০২ফেব্রুয়ারি-২০২৫খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।**

০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, চুয়াডাঙ্গা।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
৬-১১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/অফিসার ইনচার্জ, আলমডাঙ্গা থানা/ উপজেলা প্রকৌশলী/ উপজেলা সমাজ সেবা কর্মকর্তা/ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
১২। নির্বাহী প্রকৌশলী, আলমডাঙ্গা পৌরসভা।
১৩। পৌর নির্বাহী কর্মকর্তা, আলমডাঙ্গা পৌরসভা।
১৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, আলমডাঙ্গা পৌরসভা।
১৫। অফিস কপি, আলমডাঙ্গা পৌরসভা।

(শেখ মেহেদী ইসলাম)
প্রশাসক
আলমডাঙ্গা পৌরসভা